# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) ভোগালী বিহু উপলক্ষে সমগ্র রাজ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা/ বরাক উপত্যকায় আজ পৌষ সংক্রান্তি উপলক্ষে স্থানে স্থানে হরিনাম সংকীর্তন ও ভোজের আয়োজন/

(২) আজ মকর সংক্রান্তিতে প্রয়াগরাজে মহাকুম্ভতে ত্রিবেণী সঙ্গমে তিনকোটি ৫০লক্ষেরও বেশি পুণ্যার্থীর কুম্ভস্নান/

(৩)'এডভান্টেজ আসাম'এর দ্বিতীয় সংস্করণের পরিপ্রেক্ষিতে কুয়ালালামপুরে মন্ত্রী কেশব মহন্তর মালেশিয়ার ডিজিট্যাল মন্ত্রী গোবিন্দ সিং দেউএর সঙ্গে সাক্ষাৎ/

এবং

(৪) এবছরের 'পরীক্ষা পে চর্চা' কার্যসূচীতে প্রায় তিনকোটি শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষাবিদের নাম পঞ্জীয়ন/

-----------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তে আজ ফসল তোলার উৎসব মকর সংক্রান্তি উদযাপন করা হয়েছে । মকর সংক্রান্তির দিন থেকে শীতের মরশুমের শেষ এবং দীর্ঘকালীন সময়ের দিনের বেলার আরম্ভকে সূচিত করে । এই উৎসবকে দেশের বিভিন্ন প্রান্তে বিভিন্ন নামে জানা যায় । আসামে এই উৎসব ভোগালী বিহু, তামিলনাড়ুতে পোঙ্গল, গুজরাটে উত্তরায়ন

এবং পশ্চিমবঙ্গে পৌষ সংক্রান্তি হিসেবে উদযাপন করা হয় । বরাক উপত্যকায়ও আজকের দিনটিকে পৌষ সংক্রান্তি হিসেবে পালন করা হয় । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসাধারণকে মকর সংক্রান্তি, মাঘ বিহু, পোঙ্গল, এবং উত্তরায়নের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।  এক বার্তায় শ্রী মোদী এই উৎসব সমূহ জনসাধারণের জীবনে সুখ-সম্বৃদ্ধি ও সাফল্য বয়ে আনবে বলে আশা প্রকাশ করেছেন । তিনি বলেন যে- এই উৎসব সমূহ সমন্বয় এবং ভ্রাতৃত্ববোধের বন্ধনকে আরো শক্তিশালী করে ।

আসামে আজ ভোগালী বিহু উপলক্ষে ব্যাপক উৎসাহ উদ্দীপনার পরিবেশ বিরাজ করছে । গতকাল উরুকার রাতে প্রীতি ভোজের পর আজ ভোরে মেজি জ্বালিয়ে অগ্নিদেবের আশীর্বাদ গ্রহণ করা হয়েছে । এরপর বড়দের আশীর্বাদ নিয়ে যাবতীয় দ্বেষ ভুলে শান্তি ও সম্প্রীতির জন্য কামনা করা হয় । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ভোগালী বিহু উপলক্ষে আজ রাজ্যের জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । মেজির উত্তাপ সমাজের সকল অশুভ শক্তি নাশ করবে বলে তিনি কামনা করেছেন ।

বরাক উপত্যকার তিন জেলায় আজ পৌষ সংক্রান্তি উৎসাহ উদ্দীপনায় পালন করা হচ্ছে । গতরাত্রে মেরামেরির ঘরে সমবেত প্রীতি ভোজের শেষে আজ ভোরে সূর্যোদয়ের আগে স্নান সেরে এই ঘর জ্বালিয়ে দেওয়া হয়েছে । পরে বিভিন্ন স্থানে ঘরে ঘরে হরিনাম সংকীর্তন সহযোগে নগর পরিক্রমার আয়োজন করা হয়। এছাড়া ফসল তোলার শ্রমসাধ্য সময় যাপনের পর এই সংক্রান্তির দিনে নবান্নের আনন্দে সবার ঘরে ঘরে বিশেষ ভোজের ব্যবস্থা করা হয়ে থাকে ।

-------------------------------------------------------------------------------------

উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহা কুম্ভতে আজ মকর সংক্রান্তি উপলক্ষে ত্রিবেণী সঙ্গমে আয়োজিত অমৃত স্নান কার্যসূচীতে তিন কোটি ৫০ লক্ষেরও বেশি লোক স্নান করেছেন । এই পবিত্র স্নান কার্যসূচী নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে । এছাড়াও লক্ষাধিক ভক্ত এই স্নানের জন্য প্রয়াগরাজে এসে উপস্থিত হয়েছেন । স্নান শেষে ভক্তরা নদীর ঘাটে পূজা অর্চনা প্রদান করেন । তারা সকালে গঙ্গা আরতিতে অংশগ্রহণ করেন । উৎসবের পরম্পরা অক্ষুণ্ন রেখে এখানে দুঃস্থদের মধ্যে বিভিন্ন প্রয়োজনীয় সামগ্রী দান করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ মাঘ বিহুর দিনে বেশকয়েকটি কার্যসূচীতে অংশগ্রহণ করেছেন । তিনি দক্ষিণ কামরূপের রাণী চাপরির বিস্তীর্ণ শস্যক্ষেত্র পরিদর্শন করে কৃষকদের বিভিন্ন সমস্যার খোঁজখবর নেন । রাণী চাপরির কৃষকদের সঙ্গে মতবিনিময়

করে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা চাপরির যুব সমাজ আত্মনির্ভর কৃষির মাধ্যমে কৃষিক্ষেত্রের বাজারে প্রভাব ফেলতে প্রস্তুত হয়ে উঠেছে বলে মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------------

আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী গৌহাটীতে অনুষ্ঠেয় এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণ সম্পর্কে আজ রাজ্যের তথ্য প্রযুক্তি, বিজ্ঞান ও জলবায়ু পরিবর্তন বিভাগের মন্ত্রী কেশব মহন্ত আজ মালেশিয়ার ডিজিট্যাল মন্ত্রী গোবিন্দ সিং দেউ এবং ডিজিট্যাল প্রতিমন্ত্রী উইসন ওয়াগ'এর সঙ্গে সাক্ষাৎ করেছেন । শ্রী ওয়াগের সঙ্গে সাক্ষাৎকালে শ্রী মহন্ত আসাম ও মালেশিয়ার মধ্যে তথ্য প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা ও সমর্থন সম্পর্কে বৈঠকে মিলিত হন । বৈঠকে অত্যাধুনিক তথ্য প্রযুক্ত ও সফট ওয়্যার, ডাটা সুরক্ষা, সাইবার নিরাপত্তা ইত্যাদি সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন । এর আগে তিনি বিনিয়োগ , বানিজ্য ও শিল্প দপ্তরের উপমন্ত্রী লিউ টং এর সংগে আলোচনায় মিলিত হন । শ্রী মহন্ত কুয়ালালামপুরের মন্ত্রনালয়ভবনে অনুষ্ঠিত এই সাক্ষাতের সময় রাজ্যের সেমিকন্ডাক্টর ক্ষেত্রের বিষয়ে উল্লেখ করে এই ক্ষেত্রে বহু দূর অগ্রসর হোয়া ঐ দেশটি থেকে পরামর্শ চেয়েছেন ।মন্ত্রী এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণে রাজ্য সরকারের হয়ে মালশেয়িয়ার মন্ত্রীকে আমন্ত্রণ জানান । এছাড়া এই সম্মেলনে দেশের সেমিকন্ডাক্টর ক্ষেত্রের প্রতিনিধি সহ বানিজ্য ক্ষেত্রের এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল প্রেরণের জন্য শ্রী মহন্ত আমন্ত্রণ জানান । এই সাক্ষাতের সময় মালোয়েশিয়ায় ভারতের উপ উচ্চায়ুক্ত সুভাষিণী নারায়ণ সহ আসাম সরকারের শীর্ষ আধিকারিক , মুখ্যমন্ত্রী কার্যালয়ের যৌথ সচিব ও ফিক্কির সিংগাপুর অঞ্চলের সঞ্চালক নভীতা মায়ের উপস্থিত ছিলেন ।

উল্লেখ্য রাজ্যে আগামী মাসে অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম শীর্ষক বিনিয়োগ ও পরিকাঠামো শীর্ষক সম্মেলনের পরিপ্রেক্ষিতে গতকাল মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সরকারী আধিকারিকদের সংগে এক গুরুত্বপর্ন বৈঠকে মিলিত হন । বৈঠকে মুখ্যমন্ত্রী এই সম্মেলনে আমন্ত্রিতদের থাকা খাওয়ার সু- ব্যবস্থা , সামগ্রী সরবরাহ , মহানগরীর সৌন্দর্য বর্ধন ও সমগ্র অনুষ্ঠানটির জন্য অর্থ সরবরাহ বিষয়ে আলোচনা করেন ।এই বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য একটি মোবাইল এ্যাপ ও ওয়েব পোর্টেল খোলার বিষয়ে ও উল্লেখ করা হয় ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লির ভারত মন্ডপমে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের ১৫০ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে 'মিশন মৌসম'এর সূচনা করেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী মোদী বলেন যে- ভারতের জলবায়ুকে

ভবিষ্যতের জন্যে প্রস্তুত করে তোলার উদ্দেশ্যে এই অভিযান আরম্ভ করা হয়েছে । তিনি আরো বলেন যে- এই অভিযান বহনক্ষম ভবিষ্যতের দিকে ভারতের প্রতিশ্রুতিবদ্ধতার বিষয়টিকে চিহ্নিত করেছে । প্রধানমন্ত্রী ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের ১৫০ বছরের যাত্রার প্রশংসা করে বলেন যে- এটি শুধু এই বিভাগটির যাত্রাই নয়, বরং এটি হচ্ছে দেশের অত্যাধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির গৌরবময় যাত্রা । এই দীর্ঘ সময়ে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ কোটি কোটি লোককে সেবা প্রদান করে দেশের অত্যাধুনিক বৈজ্ঞানিক যাত্রার চিহ্ন হিসেবে পরিচিত হয়েছে বলে শ্রী মোদী প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------

এবছরের পরীক্ষা পে চর্চা কার্যসূচীতে , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংগে মত বিনিময়ের জন্য প্রায় তিন কোটি শিক্ষার্থী , অভিবাবক ও শিক্ষক অংশ গ্রহণের জন্য পঞ্জীয়ন করে রেকর্ড সৃষ্টি করেছে । কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের সূত্র অনুযায়ী এই কার্যসূচীতে অংশ গ্রহনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের পঞ্জীয়ন মাইলফলক সৃষ্টি করেছে বলে উল্লেখ করা হয়েছে ।

উল্লেখ্য সমগ্রদেশব্যাপী এই কার্যসূচীতে বিদেশের প্রচুর সংখ্যক শিক্ষার্থী অংশ গ্রহণের জন্য পঞ্জীয়ন করেছে । গতবছরের ১৪ ই ডিসেম্বর পরীক্ষা পে চর্চায় অংশ গ্রহনের জন্য পঞ্জীয়ন শুরু হয়েছিল ।এবং এই পঞ্জীয়ন আজ বন্ধ হবে ।ইচ্ছুক শিক্ষার্থীরা মাই গভ . ইন এ পঞ্জীয়ন করতে পারবে ।

বিদ্যালয় পর্যায়ের এই অষ্টম সংস্করণ কার্যসূচী ১২ ই জানুয়ারী অর্থাৎ জাতীয় যুব দিবস থেকে শুরু হয়েছিল এবং ২৩ শে জানুয়েরী নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্ম বার্ষিকীতে শেষ হবে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এই পদক্ষেপ পরীক্ষা পে চর্চার লক্ষ্য হচ্ছে ছাত্র ছাত্রীদের সেই সময় পরীক্ষার চাপ অনুভুত নাহোয়া এবং পরীক্ষাকে উৎসবের মতো মনে করা ।

---------------------------------------------------------------------------------

অল ইন্ডিয়া ইউ টি ইউ সি-র আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে ডিমা হাসাও জেলার উমরাংশুর কয়লা খনিতে নয় দিন পরও আরো ৬ জন শ্রমিকের দেহ উদ্ধার না হওয়ায় ক্ষোভ প্রকাশ করা হয়েছে । সংগঠনের পক্ষ থেকে এক প্রেস বার্তায় ন্যায়ালয়ের নিষেধাজ্ঞা থাকা স্বত্তেও অবৈধ কয়লা খনিতে কাজ চালিয়ে যাওয়ার অভিযোগ করা হয়েছে । এছাড়াও সংগঠনের পক্ষ থেকে কয়লা খনির ভিতরে আবদ্ধ

থাকা শ্রমিকদের উদ্ধার করা এবং দূর্ঘটনার উপযুক্ত তদন্ত করে দোষীদের উপযুক্ত শাস্তি প্রদানের দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি  পুলিশ প্রশাসনের পক্ষ থেকে ভোগালী বিহু উপলক্ষ্যে আজ পুলিশ সুপার কার্য্যলয়ে বিশেষ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । জেলার পুলিশ সুপার লীনা দোলের পৌরহিত্যে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে ৯২ জন প্রাক্তন পুলিশ কর্মী ও আধিকারীকদের সংবর্ধনা জানানো হয়েছে । সংবর্ধনা অনুষ্ঠানে পুলিশ সুপার শ্রীমতি দোলে প্রাক্তন পুলিশ কর্মী ও আধিকারীকদের সঙ্গে মত বিনিময় করেন । এছাড়া ভোগালী বিহু উপলক্ষ্যে পুলিশ কর্মী ও আধিকারীকদের জন্য পরম্পরাগত পিঠা-পুলিরও আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় মানবাধিকার সংস্থার উদ্যোগে আগামী ১৬ই জানুয়ারী শিলচর পেনশনার্স ভবনে সংস্থার ৩২তম প্রতিষ্ঠা দিবস বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে পালন করা হবে । সংস্থার সাধারন সম্পাদক আই বিনোদ সিংহ  কার্যসূচী  ঐদিন সকাল ১১টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------